## অ্যাকাডেমিক, কেরিয়ার, অ্যান্ড এসেনশিয়াল স্কিলস (ACES) কর্মসূচি

অ্যাকাডেমিক, ক্যারিয়ার, অ্যান্ড এসেনশিয়াল স্কিলস্ (ACES) প্রোগ্রাম এমন একটি প্রোগ্রাম যা ডিজাইন করা হয়েছে ঐসব যোগ্য শিক্ষার্থীদেরকে যথাযথ কঠোর অ্যাকাডেমিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে যারা বৌদ্ধিক অথবা বহুমাত্রিক প্রতিবন্ধিতাযুক্ত এবং যারা নিউ ইয়র্ক স্টেটের বিকল্প মূল্যায়নে (NYSAA) অংশ নেয়। ACES কর্মসূচিসমূহ ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলির কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের প্রদান করা হয়।

ACES কর্মসূচিসমূহ সকল শিক্ষার্থীদের জন্য স্কুল দিবসে একটি অর্থবহ সংশ্লিষ্টকরণ সুযোগ প্রদানের মাধ্যমে সবাইকে নিয়ে করার জন্য যেসব অনুশীলনী রয়েছে সেগুলিকে উন্নত ও সমৃদ্ধ করে এবং সাধারণ শিক্ষার সতীর্থ ও পাঠ্যক্রমে কাজের সুবিধা দেয়। স্কুল নেতৃত্ব অনুধাবন করে যে শিক্ষার্থীরা তখনই সবচেয়ে ভালো শেখে যখন তারা পূর্ণ মাত্রায় অংশ গ্রহণ করে ও স্কুল কম্যুনিটির অন্য সদস্যদের স্বাগতম জানায়। ACES কর্মসূচির স্কুলগুলি গবেষণা এবং প্রমাণের ভিত্তি ব্যবহার করে সহায়তার সেটগুলি মানানসই করে, বিশেষভাবে ডিজাইনকৃত শিক্ষানির্দেশনা, যথাযথ মূল্যায়ন, এবং বিভিন্ন রিসোর্স যাতে সকল সুযোগের সুবিধাগুলি নেয়া যায় যা শিক্ষার্থী অর্জনকে সর্বোচ্চ স্তরে উন্নত করে। যোগ্য শিক্ষার্থীরা সাধারণত নিচের বৈশিষ্ট্যগুলি প্রদর্শন করে:

### ACES শিক্ষার্থীর পার্শ্বচিত্র

- **শ্রেণিকরণ:** শিক্ষার্থীদের অবশ্যই ইনটেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি (ID অথবা মাল্টিপল ডিসঅ্যাবিলিটি (MD)-এর শিক্ষাগত প্রতিবন্ধিতার শ্রেণিকরণ এবং নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (NYSAA) সহ বিকল্প মূল্যায়নে অংশগ্রহণের জন্য যোগ্যতা থাকতে হবে।
- **জ্ঞান/বুদ্ধি:** মৃদু থেকে মাঝারি শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী
- **সাফল্য:** অ্যাকাডেমিক সামর্থ্য ও দক্ষতা গ্রেডস্তর প্রত্যাশার অনেক নিচে। স্বাধীনভাবে অথবা গ্রুপে কাজ করার সময় শিক্ষার্থীদের বাড়তি সহায়তার প্রয়োজন হতে পারে। শিখন ও ভাববিনিময়ে সহায়তা দেওয়ার জন্য অ্যাসিসটিভ টেকনোলজি ডিভাইস ব্যবহার করা যেতে পারে।
- **আচরণ:** শিক্ষার্থীদের আচরণে মৃদু থেকে মাঝারি পর্যায়ের সমস্যা দেখা যেতে পারে, তবে আক্রমণাত্মক বা আত্মবিনাশী আচরণ করবে না। আচরণের সমস্যা লেখাপড়া ও সামাজিক সুবিধাদির ক্ষেত্রে বাধা তৈরি করতে পারে।
- মানিয়ে নেয়ার দক্ষতা: শিক্ষার্থীর কার্যকর জীবনদক্ষতা পালন করার ক্ষমতা, যেমন পরিষ্কারপরিচ্ছন্ন থাকা, জামাকাপড় পরা, খাবার খাওয়া, নিরাপদ থাকা, সামাজিক মেলামেশা করা যা অভিযোজিত আচরণ নামে পরিচিত, বয়স আনুপাতিক প্রত্যাশার নিচে হবে। স্বাধীন এবং দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা মূল্যায়ন করতে, একজন শিক্ষার্থীর IEP টিম অভিযোজিত আচরণের টেস্ট ব্যবহার করে। অভিযেজিত আচরণে কম নম্বর পাওয়া শিক্ষার্থীদের সাধারণত ACES কর্মসূচির জন্য বিবেচনা করা হয়।
- **প্রাত্যহিক জীবনযাপনের দক্ষতা:** ACES কর্মসূচিসমূহ শিক্ষার্থীদের প্রাত্যহিক জীবনযাপনের দক্ষতা যেমন সহপাঠী ও বয়স্কদের সাথে সম্পর্ক গড়ে তোলা, গ্রসারি করা, কীভাবে ব্যাংক ব্যবহার করতে হয় শেখানোর জন্য  স্কুল ও স্থানীয় কম্যুনিটিগুলিকে ব্যবহার করে থাকে।
- **কর্ম প্রস্তুতির দক্ষতা:** পরিবর্তনশীল চাকরির বাজারে বর্তমান এবং ভবিষ্যত কাজের সুযোগের জন্য প্রস্তুত করে এমন দক্ষতা শিক্ষার্থীরা গড়ে তুলবে। এর মধ্যে আছে একটি শক্তিশালী কর্ম নীতিবোধ, একটি ইতিবাচক মনোভাব যার অন্তর্ভুক্ত সময়-ব্যবস্থাপনা, কার্যকর যোগাযোগ এবং কৃত্রিম এবং বাস্তব কর্ম-ভিত্তিক শিক্ষণের মাধ্যমে নিজের জন্য পক্ষাবলম্বন।

## ACES কর্মসূচির বৈশিষ্ট্য

- **শ্রেণিকাঠামো:** ACES কর্মসূচির শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট 1-32 স্কুলের একটি ক্ষুদ্র ক্লাসে পড়বে। ACES-এর বিশেষ ক্লাসের শিক্ষার্থী সংখ্যা সাধারণত শিক্ষার্থীরা এলেমেন্টারি স্কুল থেকে মিডল স্কুল এবং পরে হাই স্কুলে ওঠার সময়ে বৃদ্ধি পায়। কিনডারগার্টেন থেকে অষ্টম গ্রেড অবধি বেশিরভাগ ACES কর্মসূচিতে বিশেষ ক্লাসে সর্বোচ্চ 12 জন শিক্ষার্থী, একজন বিশেষ শিক্ষার শিক্ষক, এবং কর্মসূচি সম্পর্কিত প্যারাপ্রফেশন্যাল (12:1+1) থাকেন। হাই স্কুলে (9-12 গ্রেড) ACES কর্মসূচিগুলিতে সর্বোচ্চ 15 জন শিক্ষার্থী এবং একজন বিশেষ শিক্ষার শিক্ষক (15:1) থাকেন। কর্মসূচিটি শিক্ষার্থীদেরকে স্কুল কম্যুনিটিতে যোগদানের এবং যেসব সতীর্থের IEP নাই তাদের সাথে সংশ্লিষ্ট হবার সুযোগের উপর জোর প্রদান করে।
- **কর্মী:** শিক্ষক ও সহায়তা কর্মীরা বিশেষায়িত নির্দেশনা কৌশল ও মূল্যায়ন বিষয়গুলিতে প্রশিক্ষণপ্রাপ্ত যা শিক্ষার্থীদের শিক্ষণ ও কাজে প্রয়োগ এবং বাড়িতে, স্কুলে ও কম্যুনিটিতে স্বাধীনভাবে জীবনযাপনের দক্ষতা আয়ত্তে সহায়তা করে।
- **পাঠক্রম ও নির্দেশনা:** ACES কর্মসূচির ক্লাসগুলি শিক্ষানির্দেশনার পদ্ধতিতে অভিযোজনসহ এবং যথাযথ শিক্ষা প্রদান করে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষণ মান অনুসরণ করে। ইউনিভার্সাল ডিজাইন ফর লার্নিং (UDL) এর নীতিমালা ও আবশ্যক দক্ষতা গড়ে তোলার বিষয়গুলি কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়।

## ACES আবেদন প্রক্রিয়া

আপনার সন্তান যোগ্য কিনা নিরুপণের ধাপগুলি এখানে দেওয়া হয়েছে:

1. **আবেদন:** আপনি যদি মনে করেন ACES কর্মসূচি আপনার সন্তানের জন্য সঠিক, স্কুল বছরের যেকোন সময়ে আবেদনপত্র পূরণ এবং জমা দিতে আপনার সন্তানের IEP টিমের সাথে কাজ করুন। ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আবেদন করার তিন বছরের ভেতর সকল মূল্যায়ন অবশ্যই শেষ করতে হবে। নতুন মূল্যায়নের অনুরোধ সেন্ট্রাল ACES টিম করতে পারে।
    - বছরের যেকোন সময়ে আবেদন জমা দেওয়া অথবা প্রশ্ন জিজ্ঞেস করার জন্য পরিবারবর্গ ও স্কুলগুলি ACESPrograms@schools.nyc.gov ঠিকানায় সেন্ট্রাল ACES টিমের সাথে যোগাযোগ করতে পারে।
    - সেপ্টেম্বরে কিনডারগার্টেনের নবাগত শিক্ষার্থীদের জন্য, পরিবারবর্গ অথবা স্কুলগুলি যত তাড়াতাড়ি সম্ভব ACES টিমের সাথে যোগাযোগ করবে।
2. **সেন্ট্রাল ACES প্রোগ্রাম টিম কর্তৃক স্বীকৃতি:** আপনি যদি সেন্ট্রাল ACES টিমকে ইমেইল করেন, তাহলে আপনার আবেদন পাওয়া গেছে মর্মে আপনি একটি ইমেইল পাবেন। আপনি যদি সেন্ট্রাল ACES টিমের কাছে চিঠি ফ্যাক্স করে থাকেন তাহলে আপনি চিঠিতে স্বীকৃতিপত্র পাবেন।
    - আপনার সন্তানের IEP টিমকে না জানিয়ে, আপনি যদি আপনার সন্তানের আবেদনপত্র জমা দেন, সেন্ট্রাল ACES টিম আপনার সন্তানের IEP টিমকে অবহিত করবে যে আপনি ACES-এ আগ্রহী।
    - আপনার সন্তানের IEP টিম যদি আপনার সন্তানের পক্ষ থেকে আবেদন জমা দেয়, তাহলে আপনাকে অবহিত করা হবে যে সেন্ট্রাল ACES টিম আবেদনটি পেয়েছে। অনুগ্রহ করে নিশ্চিত করুন IEP টিমের কাছে আপনার ইমেইল ঠিকানা আছে।
3. **প্রাথমিক পর্যালোচনা ACES:** সেন্ট্রাল ACES টিম মূল্যায়নগুলি হালনাগাদ এবং আপনার সন্তানের বৌদ্ধিক সামর্থ্য এবং সামাজিক, ভাষিক, আচরণগত, অ্যাকাডেমিক ও অভিযোজিত দক্ষতা সম্পর্কে যথেষ্ট তথ্য দেয় কিনা যাচাই করার জন্য প্রত্যেক শিক্ষার্থীর বিশেষ শিক্ষার রেকর্ড পর্যালোচনা করে। এছাড়া, শিক্ষার্থীরা ID বা MD শিক্ষাগত প্রতিবন্ধিতা বর্গিকরণের শর্ত পূরণ কিনা পর্যালোচনা করা হয়।
    - হালনাগাদ মূল্যায়ন - যদি হালনাগাদ বা আরও তথ্য দরকার হয় তাহলে আপনার সন্তানের আইইপি টিমকে আবশ্যক

মূল্যায়নগুলি করতে বলা হবে। উক্ত বাড়তি মূল্যায়ন করার জন্য আপনার অনুমতি চেয়ে DOE আপনাকে চিঠি দেবে।

- আরও তথ্য - পরিবারবর্গ সেন্ট্রাল ACES টিম কর্তৃক পর্যালোচনার জন্য আরও মূল্যায়ন জমা দিতে পারে। সেন্ট্রাল ACES টিমের সাথে শেয়ারকৃত যেকোন মূল্যায়ন আপনার সন্তানের স্পেশাল এডুকেশন রেকর্ডে সংরক্ষিত থাকবে।

4. **যোগ্যতা নিরূপণ:** মূল্যায়ন, পর্যবেক্ষণ এবং শিক্ষক ও প্রদানকারীদের থেকে প্রাপ্ত অন্যান্য যেকোন তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীর IEP টিম, যা শিক্ষার্থীর পিতামাতা(দের) অন্তর্ভুক্ত করে, সেন্ট্রাল ACES টিমের সাথে পরামর্শ করে আপনার সন্তানের ACES কর্মসূচির জন্য যোগ্যতা নিরূপণ করবেন।

5. **স্কুলে স্থান দেওয়া:** আপনার সন্তান যদি ACES কর্মসূচির জন্য যোগ্য হয়, তাহলে আপনি প্রায়র রিটেন নোটিস (PWN) এবং স্কুল লোকেশন লেটার Letter (SLL) পাবেন যা আপনাকে একটি স্কুলের সন্ধান দেবে যেখানে ACES কর্মসূচিতে আসন খালি রয়েছে। ACES কর্মসূচিটি আপনার লোকাল ডিস্ট্রিক্ট স্কুলের পরিবর্তে অন্য স্কুলও হতে পারে। স্কুল যদি আপনার বাড়ির অদূরে না হয়, তাহলে আপনার সন্তান স্কুল পরিবহন লাভ করবে।

6. **পরিদর্শন ও ভর্তি:** স্কুল লোকেশন লেটার (SLL)এ যোগাযোগের ব্যক্তির নাম ও স্কুলের ঠিকানা লেখা থাকবে। পরিদর্শনের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে দয়া করে স্কুলে কল করুন। স্কুল পরিদর্শনের পর, আপনি প্রস্তাবটি গ্রহণ বা প্রত্যাখ্যান করছেন তা জানাতে IEP টিমের সাথে যোগাযোগ করুন।

7. **নতুন স্কুলে রেজিস্টার করা:** যদি আপনি ACES - এর প্রস্তাব গ্রহণ করেন তাহলে দয়া করে আপনার সন্তানকে রেজিস্টার করতে আপনার সন্তানের বার্থ সার্টিফিকেট, ঠিকানার দুটি প্রমাণসহ স্কুল লোকেশন লেটার নিয়ে নতুন স্কুলে যান। হাই স্কুল শিক্ষার্থীদের জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া সেন্ট্রাল ACES টিম এবং ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাঝে সমন্বয় সাধনের মাধ্যমে করা হয়।